সুবিধা বঞ্চিত ১৫০ শিশুকে ঈদের নতুন পোশাক বিতরণ

সুবিধা বঞ্চিত ১৫০ শিশুকে
ঈদের নতুন পোশাক

শহর প্রতিনিধি: পাবনায় শিক্ষার্থীদের স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ‘স্বপ্নের বাকশ’ ফাউন্ডেশনের উদ্যোগে সুবিধা বঞ্চিত ১৫০ শিশুকে ঈদের নতুন পোশাক সহ দুধ, চিনি ও সেমাই বিতরণ করা হয়েছে।

শুক্রবার (১ জুলাই) সকালে পাবনা জেলা পরিষদের রশিদ হলে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা পরিষদের প্রশাসক এম সাইদুল হক চুন্নু, জেলা প্রশাসক রেখা রানী বালো, পাবনা প্রেসক্লাবের সভাপতি শিবজিত নাগ, ফাউন্ডেশনের উপদেষ্টা ছিফাত রহমান সনম প্রমূখ।

বক্তারা আগামী দিনে হতদরিদ্র সুবিধা বঞ্চিত শিশুদের কল্যানে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। পরে অতিথিবৃন্দ সুবিধা বঞ্চিত ১৫০ শিশুকে ঈদের নতুন পোশাক সহ ঈদ সামগ্রী বিতরণ করেন।